ISSN 2518-5853



মানববিদ্যা গবেষণাপত্র

কলা অনুষদ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ -২২২০

মানববিদ্যা গবেষণাপত্র

শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণাপত্র

(Double Blind Peer Reviewed Research Journal)

পঞ্চম সংখ্যা ॥ আষাঢ় ১৪২৮ ॥ জুলাই ২০২১

সম্পাদক

আহমেদুল বারী পিএইচ.ডি.

নির্বাহী সম্পাদক

ড. শেখ মেহেদী হাসান

কলা অনুষদ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ

CamScanner

মানববিদ্যা গবেষণাপত্র
শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণাপত্র
(Double Blind Peer Reviewed Research Journal)
পঞ্চম সংখ্যা ॥ আষাঢ় ১৪২৮ ॥ জুলাই ২০২১
কলা অনুষদ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ।

সম্পাদনা পরিষদ
সম্পাদক
আহমেদুল বারী পিএইচ.ডি.

নির্বাহী সম্পাদক
ড. শেখ মেহেদী হাসান

সদস্য
অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা
অধ্যাপক ড. মুশাররাত শবনম
অধ্যাপক ড. রশিদুন নবী
জনাব মো. আল্ জাবির
জনাব মাহমুদা সিকদার

সহকারী সম্পাদক
জনাব রেজাউল ইসলাম
জনাব কাহারুল ইসলাম
জনাব ইফফাত আরা ইভা

সম্পাদনা সহকারী
আমিনুল হক

প্রচ্ছদ
আল মঞ্জুর এলাহী

মুদ্রণ
স্কাইলার্ক প্রিন্টার্স
২৭৮/এ, এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫
ফোন: ০২২২৩৩৬৯০৯২, ০১৭০৭২৮২৩৯৫
ই-মেইল: skylarkdh12@gmail.com

মূল্য
২৫০ টাকা [সর্বজন]
১৫০ টাকা [নিজ শিক্ষার্থী]

কলা অনুষদ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-এর পক্ষ থেকে ডিন, প্রফেসর আহমেদুল বারী পিএইচ.ডি. কর্তৃক প্রকাশিত।

Manababidya Gabesanapatra (The Research Journal of Humanities). ISSN 2518-5853. A yearly research journal of art, culture and literature. 4th Issue, Asharh 1428, July 2021. Cover Design: Al Monjur Elahi. Edited and Published by Professor Ahmedul Bari Ph.D., Dean, Faculty of Arts, Jatiya Kabi Kazi Nazrul Islam University, Trishal, Mymensingh, Bangladesh.

CamScanner

মানববিদ্যা গবেষণাপত্র

শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণাপত্র
(Double Blind Peer Reviewed Research Journal)
পঞ্চম সংখ্যা ॥ আষাঢ় ১৪২৮ ॥ জুলাই ২০২১
কলা অনুষদ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ।

সূচি

ইতিহাসের আলোয় দেশভাগ ও সমরেশ বসুর দুটি উপন্যাস ১-২৪
রেজওয়ানা আবেদীন

নৈতিক আলোচনায় এরিস্টটলের সদগুণ: একটি সংক্ষিপ্ত পর্যালোচনা ২৫-৩৪
মোঃ কাহারুল ইসলাম

শেখ ফজলল করিম: জীবন ও সাহিত্যের বহুমাত্রিক বীক্ষণ ৩৫-৫৫
নিতাই কুমার ঘোষ

লালন ফকির: মনের মানুষ ও ইহজাগতিক-দর্শন ৫৭-৭৪
মো. সাইফুজ জামান

সাহিত্যের সমাজতত্ত্ব: প্রকৃতি ও প্রবণতা ৭৫-৮৮
ফাতেমা-তুজ-জোহরা ও লোকমান কবীর

সৈয়দ হকের লোকনারী চম্পাবতীর নিষুপ্তিতে বসবাস: মনোদৈহিক মুক্তির সীমানা ও সংকট ৮৯-১০৩
ফাহমিদা সুলতানা তানজী

সেলিম আল দীনের *কিত্তনখোলা* নাটকে মিথের মিথস্ক্রিয়া ১০৫-১২১
মোঃ তাশহাদুল ইসলাম তারেক

সুচিত্রা সেনের অভিনয়, ফ্যাশন ও স্টাইলের অদ্বৈততা: একজন ব্যক্তিত্বের জীবন পর্যালোচনা ১২৩-১৪২
মনোজ কুমার প্রামাণিক

CamScanner

হাসান আজিজুল হকের গল্পে মুক্তিযুদ্ধের চেতনা ১৪৩-১৫৪
পপি বিশ্বাস

প্রকৃতির মোহনীয় রূপের উপমায় নজরুলের গান ১৫৫-১৭০
দেবাশীষ বেপারী

কাজী নজরুল ইসলামের সম্পাদকীয়: অন্তরঙ্গ অবলোকন ১৭১-১৮৮
আব্দুল্লাহ আল মামুন

জঙ্গিবাদ প্রতিকারের উপায়: ইসলামী দৃষ্টিকোণ ১৮৯-২১৪
নূর মোহাম্মদ

ফররুখ আহমদের *পাখির বাসা*: বিষয় ও শিল্পভাবনা ২১৫-২২৬
মো. আব্দুর রহমান

কাজী নজরুল ইসলামের ছোটগল্পে নিম্নবর্গের জীবন: প্রসঙ্গ *রাক্ষুসী* ও *অগ্নি-গিরি* ২২৭-২৪৭
মোঃ তুহিনুর রহমান

রবীন্দ্রনাথের মৃত্তিকা-ভাবনা ও কর্মোদ্যোগ ২৪৯-২৬৬
এমডি. মাসুদ রহমান

মহীবুল আজিজের উপন্যাস: মুক্তিযুদ্ধের বাস্তবতা ২৬৭-২৭৯
মাখন চন্দ্র রায়

মধ্যবিত্তের জীবন ভাবনা ও নৈঃসঙ্গবোধ: প্রসঙ্গ জনক ও *কালোকফি* এবং *কয়েকটি মানুষের সোনালি যৌবন* ২৮১-২৯২
ফারজানা রুমা

মাসুম রেজার *নিত্যপুরাণ*: মহাভারতের একলব্য চরিত্রের বিনির্মাণ ২৯৩-৩০৫
ফারজানা আফরীন রূপা

কামরুল হাসানের চিত্রকর্ম লৌকিকতা ও আধুনিকতার মিশেল: একটি পর্যালোচনা ৩০৭-৩২০
তপন কুমার সরকার

বাংলাদেশের পাঠ্যপুস্তকে শেক্সপিয়র ৩২১-৩৩১
সুভাষ চন্দ্র সরকার

লিটল ম্যাগাজিন: রূপতাত্ত্বিক চালচিত্র ৩৩৩-৩৪৪
তাশরিক-ই-হাবিব

CamScanner

বাংলাদেশের ছোটগল্প: প্রসঙ্গ সুন্দরবন ৩৪৫-৩৫৮
মোহসিনা হোসাইন

সুর সাধক আব্দুল গফুর হালীর জীবন ও সৃষ্টি ৩৫৯-৩৭৮
ওরিন নাশিদ হৃদি

Corona Pandemic: Self-realization from Islamic Perspective ৩৭৯-৩৮৮
Mohammad Bahauddin

Kazi Nazrul Islam's Use of Myths: A Critical Study of Selected Poems ৩৮৯-৪০৬
Sukanta Biswas

Transgressions: Transcending Boundaries in Select Bollywood Films ৪০৭-৪২১
U. H. Ruhina Jesmin

Assessing Poverty and Deprivation of Religious Minority in Bangladesh: A Study on Hindu Community ৪২৩-৪৪৬
Ashek Mahmud & Md. Rafiqul Islam

Students' Perception of the Effectiveness of the English Language Courses: A Case Study at a Public University ৪৪৭-৪৬০
Sirajam Monira

Karl Marx's Revolution and the Consciousness Role of Technology in the Development of Socialism ৪৬১-৪৭৭
Abu Salem & Md. Tariful Islam

CamScanner

মানববিদ্যা গবেষণাপত্র পঞ্চম সংখ্যা ॥ আষাঢ় ১৪২৯ ॥ জুলাই ২০২২ ॥ ISSN 2518-5853
কলা অনুষদ ॥ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

প্রকৃতির মোহনীয় রূপের উপমায় নজরুলের গান

দেবাশীষ বেপারী*

গবেষণা-সারসংক্ষেপ: সৌন্দর্যের লীলাভূমি বাংলার প্রকৃতির রূপবন্দনা ও রূপের অঞ্জলি প্রকাশিত হয়েছে কাজী নজরুল ইসলামের গানে। প্রকৃতির নানা ধরনের উপমা ব্যবহার করে নজরুল তাঁর সংগীত করেছেন ব্যঞ্জনাময় ও বহুমাত্রিক। প্রাকৃতিক সৌন্দর্যের অভ্যর্থনা ও রমণীয়তার প্রকাশ ছিল নজরুলের প্রকৃতি প্রভাবিত গানের মূল বৈশিষ্ট্য। এই উপমহাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের নিবিড় অনুধাবন তাৎপর্যময় হয়ে উঠেছে নজরুলের সংগীত জীবনে। নজরুলের গানে প্রকৃতি ধরা দিয়েছে কখনো উপমায়, কখনো বৈচিত্র্য নিরূপণে, কখনো নান্দনিকতার উৎস হিসেবে। নজরুল নানা নান্দনিক উপাচারে প্রকৃতির রূপ চিত্রণ করেছেন আর বাংলার সেই রূপ সারা বিশ্বময় ছড়িয়ে পড়েছে গানে গানে। প্রকৃতির নানা উপাদান দিয়ে নজরুল বাংলার এক রূপসী মূর্তি গড়ে তুলতে চেয়েছিলেন, তিনি সেই মূর্তির আরতি করেছেন ইন্দ্রিয়ের পঞ্চপ্রদীপ জ্বালিয়ে, সুরের অঞ্জলি দিয়েছেন গানে। অনাবিল প্রশান্তিময়তায় বাংলার প্রাকৃতিক সৌন্দর্যের যে রূপ শোভা নজরুলের গানে জীবন্ত হয়ে উঠেছে, প্রকৃতির বিচিত্রময় সে রূপের বিশ্লেষণ প্রকাশিত হয়েছে এ প্রবন্ধে।

প্রকৃতি প্রেমী আধুনিক ধারার সংগীত রচয়িতা ও সুরকার কাজী নজরুল ইসলাম। নজরুলের হৃদয়জাত বিশ্বাস এবং বাংলার প্রকৃতির নৈসর্গিক রূপ মিলে নান্দনিক এক মায়ার সৃষ্টি হয়েছে নজরুলে প্রাণে ও গানে। প্রকৃতির এই অন্তরঙ্গ রূপ কবির প্রাণে প্রশান্তি যুগিয়েছে আমৃত্যু। সেই প্রকৃতির প্রসঙ্গ নজরুলের গানে অনিবার্য অনুষঙ্গ রূপে প্রতিভাত হয়েছে। কবি অত্যন্ত নিবিড়ভাবে অনুধাবন করেছিলেন এদেশের প্রকৃতির উপাদানসমূহ, তাই অত্যন্ত নিপুণতার সাথে তাঁর গানে স্থান করে দিয়েছেন প্রকৃতির রূপময় মাধুরী। এদেশের মানুষ ও প্রকৃতির সঙ্গে কবির হৃদয়ের সম্পর্ক তৈরি হয়েছিল। বিভিন্ন ধরনের ঘটনা প্রবাহের কারণে নজরুলের গানে প্রকৃতি এসেছে প্রধান

* সহযোগী অধ্যাপক, সঙ্গীত বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ।

CamScanner

বিষয় হয়ে। প্রকৃতিকে উপলক্ষ করেই রচনা করেছেন গান আবার প্রকৃতির উপমা ব্যবহার করেছেন গানের বাণী ও সুরে। তাই নিঃসন্দেহে বলা যায়, পরিমিত স্নিগ্ধতায় নজরুলের গানে বাংলার প্রকৃতির মোহনীয় রূপ প্রকাশিত হয়েছে। পৃথিবীর প্রাকৃতিক সৌন্দর্যের সাথে, মোহময় সুন্দরের সাথে সকলের আত্মিক সম্বন্ধ সৃষ্টি হয়, জন্ম থেকে মৃত্যু পর্যন্ত। সবকিছু সীমাহীন মায়ার বাঁধনে জড়িত। "এখানকার মানুষ প্রকৃতি ও পরিবেশ নজরুলকে উদ্দীপিত করেছিল। এখানে কবির হৃদয়িক সম্পর্কের ঘটনা ঘটেছিল।" (চৌধুরী ২০১০: ১৬২) নজরুল তাঁর প্রিয় মাতৃভূমির প্রকৃতিবন্দনা গেয়েছেন সর্বত্র। নজরুল আমাদের এ অঞ্চলে অবস্থিত পৃথিবীর শ্রেষ্ঠ পর্বতমালার মধ্যে অন্যতম হিমালয়কে বাংলার শিয়রে প্রহরী হিসেবে আখ্যায়িত করেছেন, সকল দৈবশক্তির লীলা নিকেতন হিসেবে হিমালয়কে অভিহিত করেছেন। হিমালয়ের অন্তরের স্নেহধারায় সৃষ্ট শত নদী বাংলার বুকে প্রবহমান। নিত্য উর্বর এখানকার মাটি চিরবসন্ত এখানকার বায়ুতে বিরাজমান, বাংলার সূর্য তার তীব্র দহনে মাঠ ঘাট পুড়ে ছারখার করে না, নিত্য প্রাচুর্যে ও শুদ্ধতায় পরিপূর্ণ বাংলার জলধারা। বাংলা মায়ের প্রকৃতিতে শরতের যে হাওয়া বয় মাধুর্য ও লাবণ্যের নিরিখে তা পৃথিবীর অনন্য। বাংলার প্রকৃতির মতন কুঞ্জে এমন ছায়া, এমন মায়া, পাখিদের এত কূজন পৃথিবীর আর কোথাও খুঁজে পাওয়া যায় না। এমন সহস্র যশস্বী রূপের বর্ণনা দিয়েছেন কবি তার প্রাকৃতিক পরিবেশ প্রভাবিত গানে। নজরুল তাঁর "বাঙালির বাঙলা" প্রবন্ধে বাংলার প্রকৃতি প্রসঙ্গে বলেছেন—

> এই হিমালয়ে পৃথিবীর শ্রেষ্ঠ মুনি-ঋষি-যোগীরা সাধনা করেছেন। এই হিমালয়কে তাঁরা সর্ব দৈব-শক্তির লীলা-নিকেতন বলেছেন। এই হিমালয়ের গভীর হ্রদ-গুহার অনন্ত স্নেহধারা বাংলার শত শত নদ-নদী রূপে আমাদের মাঠে-ঘাঠে ঝরে পড়েছে। বাংলার সূর্য অতি তীব্র দহনে দাহন করে না। বাংলার চাঁদ নিত্য স্নিগ্ধ। বাংলার আকাশ নিত্য প্রসন্ন, বাংলার বায়ুতে চিরবসন্ত ও শরতের নিত্য মাধুর্য ও শ্রী। বাংলার জল নিত্য প্রাচুর্যে ও শুদ্ধতায় পূর্ণ। বাংলার মাটি নিত্য-উর্বর। এই মাটিতে নিত্য সোনা ফলে। এত ধান আর কোন দেশে ফলে না। পাট শুধু একা বাংলার। পৃথিবীর আর কোন দেশে পাট উৎপন্ন হয় না। এত ফুল, এত পাখি, এত গান, এত সুর, এত কুঞ্জ, এত ছায়া, এত মায়া আর কোথাও নেই। এত আনন্দ, এত হুল্লোড়, আত্মীয়তাবোধ পৃথিবীর আর কোথাও নেই। এত ধর্মবোধ আল্লাহ, ভগবানের উপাসনা, উপবাস-উৎসব পৃথিবীর আর কোথাও নেই। বাংলার কয়লা অপরিমাণ, তা কখনো ফুরাবে না। বাংলার সুবর্ণ-রেখার বালিতে পানিতে স্বর্ণরেণু। বাংলার অভাব কোথায়? বাংলার মাঠে মাঠে ধেনু, ছাগ, মহিষ। নদীতে ঝিলে বিলে পুকুরে ডোবায় প্রয়োজনের অধিক মাছ। আমাদের মাতৃভূমি পৃথিবীর স্বর্গ, নিত্য সর্বৈশ্বর্যময়ী। (হুদা ২০০৯: ২৪০)

বরষণ ঘনানো থৈ থৈ জলে ডোবা মেঠোপথের এপাশ থেকে ওপাশে যাওয়া জলধারার ব্যাকুল বেগে আর আপন মনে ছুটে চলা, বনের পাতার ঝরা জলের শব্দ, শ্যামল প্রকৃতির মাঝে জল ভরা নদীর মুখপানে চেয়ে থাকা, শরতের সিক্ত শিউলী তলা, পৌষের শূন্য মাঠ, সকল প্রসঙ্গ নজরুল তাঁর গানে এনেছেন সফলভাবে।

CamScanner